দৈনিক সংবাদ

তারিখ ... 25 DEC 1990 ...
পৃষ্ঠা ... ১০ ... কলাম ... ৬ ...

৪৬

# জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নির্বাচন অনুষ্ঠিত

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

জাহাঙ্গীরনগর, ২৪শে ডিসেম্বর।– জাহাঙ্গীরনগর বিশ্ব-বিদ্যালয় শিক্ষক সমিতির বার্ষিক নির্বাচনে ইতিহাস বিভাগের শিক্ষক ও কলা অনুষদের ডীন অধ্যাপক এনামুল হক খান সভাপতি ও রসায়ন বিভাগের সহযোগী অধ্যাপক ডঃ আলাউদ্দিন আহমেদ সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন। প্রধান নির্বাচন কমিশনার মোহাম্মদ আলী আজ আনুষ্ঠানিকভাবে এ ফলাফল ঘোষণা করেন। গতকাল এ নির্বাচন অনুষ্ঠিত হয়।